

বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য খুলনা নৌ অঞ্চলের মে ২০২৪ মাসের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের সচিত্র প্রতিবেদন

১। সুন্দরবনে অগ্নিনির্বাপন কার্যে নিয়োজিত বানৌজা মোংলা। গ্রীষ্মের প্রচণ্ড তাপদাহে গত ০৪ মে ২০২৪ সুন্দরবনের অভ্যন্তরে দাবানল পরিলক্ষিত হয়। বানৌজা মোংলার তত্ত্বাবধানে উক্ত দাবানল নির্বাপন করা হয়। এর ফলে সুন্দরবনের অনেক প্রাকৃতিক সম্পদ ধ্বংস হওয়ার হাত থেকে রক্ষা পায়।



চিত্রঃ অগ্নিনির্বাপনের স্থিরচিত্র।

২। এএফডব্লিউসি টিম এর খুলনা নৌ অঞ্চল ভ্রমণ। গত ০৫ মে-০৯ মে ২০২৪ এএফডব্লিউসি টিম খুলনা নৌ অঞ্চল পরিদর্শন করেন। এ সময়ে টিম মেম্বরগণ বানৌজা তিতুমীর, সোলাম, মোংলা এবং খুলনা নৌ অঞ্চলের অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানসমূহ পরিদর্শন করেন।



চিত্রঃ এএফডব্লিউসি টিম কর্তৃক খুলনা নৌ অঞ্চল পরিদর্শন এর স্থিরচিত্র।

সীমিত

৩। কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড কর্তৃক বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) পরিদর্শন। গত ১১ মে ২০২৪ কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড কমডোর মোঃ নিয়ামত এলাহী, (এল), এনপিপি, এনডিসি, পিএসসি, বিএন খুলনা নৌ অঞ্চলে বিএন ডকইয়ার্ড মোংলার মেরামত ফ্যাসিলিটি এবং বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের নিমিত্তে আগমণ করেন।



চিত্রঃ পারদর্শনের স্থিরাচিত্র।

৪। বাংলাদেশ নৌবাহিনী ফুটবল প্রতিযোগীতা-২০২৪। গত ১২ মে ২০২৪ বানোজা তিতুমীর ফুটবল গ্রাউন্ডে বাংলাদেশ নৌবাহিনী ফুটবল প্রতিযোগীতা-২০২৪ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। উক্ত খেলায় কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল গোলাম সাদেক, এনজিপি, এনডিসি, এনসিসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।



চিত্রঃ বাংলাদেশ নৌবাহিনী ফুটবল প্রতিযোগীতা-২০২৪ এর স্থিরাচিত্র।

৫। CPR (CARDIOPULMONARY RESUSCITATION) এর উপর প্রশিক্ষণ ক্লাস। গত ১৩ মে ২০২৪ ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টি পারপাস হলে বানোজা উপশম কর্তৃক CPR (Cardiopulmonary Resuscitation) এর উপর প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ ক্লাসে সকল কর্মকর্তা ও শীপস কোম্পানি উপস্থিত ছিলেন।



চিত্রঃ CPR এর উপর প্রশিক্ষণ ক্লাস এর স্থিরাচিত্র।

৬। **কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) পরিদর্শন।** কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল গোলাম সাদেক, এনজিপি, এনডিসি, এনসিসি, পিএসসি গত ১৪ মে ২০২৪ বিএন ডকইয়ার্ড মোংলার পূর্ণাঙ্গ মেরামত সক্ষমতা অর্জনের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে আয়োজিত একটি আলোচনা সভায় উপস্থিত হন। উক্ত আলোচনা সভা শেষে তিনি ওয়াকারশপের চলমান মেরামত কার্যক্রম পরিদর্শন করেন।



চিত্রঃ পরিদর্শনের স্থিরচিত্র।

৭। **বরিশাল ক্যাডেট কলেজের ১০ম শ্রেণির ক্যাডেটদের শিক্ষাসফর- ২০২৪ উপলক্ষ্যে বানোজা শের-ই-বাংলা পরিদর্শন।** গত ১৪ মে ২০২৪ বরিশাল ক্যাডেট কলেজের ১০ম শ্রেণির ক্যাডেটদের শিক্ষাসফর- ২০২৪ উপলক্ষ্যে ৬১ জনের একটি দল বানোজা শের-ই-বাংলা ঘাটের বিভিন্ন স্থাপনা পরিদর্শন করেন।



চিত্রঃ পরিদর্শন এর স্থিরচিত্র।

৮। **বানোজা শের-ই-বাংলায় কমান্ডার খুলনা নৌ অঞ্চল পেন্টাথলন (প্রতিবন্ধক দৌড়), পুলিং, ব্যাডমিন্টন ও দুরপাল্লার দৌড় প্রতিযোগিতা- ২০২৪ আয়োজন।** বানোজা শের-ই-বাংলা ঘাটতে গত ১৬ মে হতে ১৯ মে ২০২৪ কমান্ডার খুলনা নৌ অঞ্চল পেন্টাথলন (প্রতিবন্ধক দৌড়), পুলিং, ব্যাডমিন্টন ও দুরপাল্লার দৌড় প্রতিযোগিতা নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয়ের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ঘাটের অধিনায়ক কমডোর মোহাম্মদ জয়নাল আবেদীন, (এনডি), এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি, বিএন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলোয়ারদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



চিত্রঃ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর স্থিরচিত্র।

সীমিত

৯। **রাষ্ট্রীয় শোক পালন**। হেলিকপ্টার দুর্ঘটনায় ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি এর মৃত্যুর ঘটনায় গত ২৩ মে ২০২৪ খুলনা নৌ অঞ্চলে রাষ্ট্রীয় শোক পালন করা হয়। এ উপলক্ষে কালার্স হতে সূর্যাস্ত পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং বাদ যোহর অত্র নৌ অঞ্চলের সকল মসজিদে তাঁর রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।



চিত্রঃ বিশেষ মোনাজাতের স্থিরচিত্র।

১০। **নবীন নাবিক এ-২০২৪ কর্তৃক সাংস্কৃতিক অনুষ্ঠান প্রসঙ্গে**। গত ২৪ মে ২০২৪ বানোজা শের-ই- বাংলা ঘাঁটিস্থ মাল্টিপারপাস শেডে নবীন নাবিক এ -২০২৪ কর্তৃক আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল গোলাম সাদেক, এনজিপি, এনডিসি, এনসিসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নবীন নাবিকদের সাংস্কৃতিক পরিবেশনা উপভোগ করেন।



চিত্রঃ সাংস্কৃতিক অনুষ্ঠান এর স্থিরচিত্র।

১১। **DSCSC টিম কর্তৃক খুলনা নৌ অঞ্চল পরিদর্শন**। গত ২৮ মে ২০২৪ DSCSC টিম খুলনা নৌ অঞ্চল পরিদর্শন করেন। এ সময়ে টিম মেম্বরগণ বানোজা তিতুমীর, সোলাম, মোংলা এবং খুলনা নৌ অঞ্চলের অন্যান্য গুরুত্বপূর্ণ স্থান পরিদর্শন এবং প্রীতিভোজে অংশগ্রহণ করেন।





চিত্রঃ DSCSC টিম কর্তৃক খুলনা নৌ অঞ্চল পরিদর্শন এর খন্ডচিত্র।

১২। আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস-২০২৪ উদযাপন প্রসঙ্গে। গত ২৯ মে ২০২৪ আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস-২০২৪ পালিত হয়। উক্ত দিবস উপলক্ষে খুলনা শহরের শিববাড়ি হতে সার্কিট হাউজ পর্যন্ত র‍্যালী অনুষ্ঠিত হয়। র‍্যালী সমাপনান্তে সার্কিট হাউজ ময়দানে আলোচনা সভা অনুষ্ঠিত হয় এবং বৈশ্বিক শান্তি কামনায় বেলুন ও পায়রা উড়ানো হয়। উক্ত অনুষ্ঠানে খুলনা সিটি কর্পোরেশন এর মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক প্রধান অতিথি হিসেবে এবং জাতিসংঘের কর্মকর্তাগণ, সেনা, নৌ এবং বিমানবাহিনীর কর্মকর্তা ও সদস্যগণ এবং অন্যান্য অসামরিক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



চিত্রঃ আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস-২০২৪ এর স্থিরচিত্র।

১৩। বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) কর্তৃক মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম। বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) কর্তৃক খুলনা ও মোংলা নৌ অঞ্চলের আওতাধীন জাহাজসমূহের মে ২০২৪ মাসে বিভিন্ন মেরামত ও রক্ষণাবেক্ষণ সংশ্লিষ্ট কার্যাদি পরিচালিত হয়। এতদসংক্রান্ত কতিপয় গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের স্থিরচিত্র নিম্নে প্রদত্ত হলোঃ



চিত্রঃ বানোঁজা বিজয় এর ডির্জি নং-১ এর মেজর ওভারহলিং কার্যের স্থির চিত্র।

চিত্রঃ বানোঁজা ধলেশ্বরী এর সী ওয়াটার হাইড্রোফোর পাম্প মেরামতের স্থির চিত্র।



চিত্রঃ বানৌজা করতোয়া এর ডিজ নং-৩ মেজর
ওভারহলিং এর স্থির চিত্র।



চিত্রঃ বানৌজা ধলেশ্বরী এর ডিজ নং-৩
টপ ওভারহলিং কার্যের স্থির চিত্র।